



গ্লাস ও সিরামিক ইনস্টিটিউটে নবীনবরণ
অনুষ্ঠানে বক্তাবন্দ
প্রয়োজনীয় শিক্ষা ব্যবস্থার
অভাবে বেকারত্ব বাড়াচ্ছে
॥ স্টাফ রিপোর্টার ॥
বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এণ্ড
সিরামিক-এর নবীন বরণ অনুষ্ঠানে প্রধান
অতিথির ভাষণে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল
ইসলাম বলেছেন, একটি পূর্ণাঙ্গ শিক্ষা
পরিকল্পনা না থাকার কারণেই সমস্যার
সমাধান হচ্ছে না।
ইনস্টিটিউট-এর প্রিন্সিপাল জনাব বদির
শেখ পৃঃ ৩-এর কঃ দেখুন

বেকারত্ব বাড়াচ্ছে
প্রথম পৃষ্ঠার পর
উদ্দিন আহমেদের সভাপতিত্বে
ইনস্টিটিউট মিলনায়তনে আয়োজিত
অনুষ্ঠানে বক্তব্য রাখেন দৈনিক
ইনকিলাবের মহা-সম্পাদক জনাব এ. কে.
এম. মুহিউদ্দীন।
মু. সিরামিক-এর ব্যবস্থাপনা পরিচালক
জনাব হারুনুর রশিদ খান এবং কারিগরি
শিক্ষা অধিদপ্তরের ভারপ্রাপ্ত
মহাপরিচালক জনাব রমানন্দ মল্লিক।
বক্তৃতাকালে শিক্ষামন্ত্রী বলেন, অর্জিত
শিক্ষার প্রয়োগ না থাকলে সে শিক্ষা
কোন কাজে আসে না। তিনি সাধারণ
শিক্ষার চাইতে কারিগরি শিক্ষার উপর
জোর দেন।
অনুষ্ঠানে বিশেষ অতিথির ভাষণ
দানকালে দৈনিক ইনকিলাবের
মহা-সম্পাদক জনাব এ. কে. এম.
মুহিউদ্দীন বলেন, ঔপনিবেশিক আমলের
পর থেকে আজ অবধি একটি প্রয়োজনীয়
শিক্ষা ব্যবস্থা চালু করতে না পারার
কারণে দেশে বেকারত্বের সংখ্যা দিন দিন
বৃদ্ধি পাচ্ছে। স্বাধীন জাতি হিসেবে এটা
কারো কাম্য নয়। তিনি বলেন, দেশের
অর্ধশিক্ষিত লোকদের বৃত্তিমূলক শিক্ষা
দিয়ে বেকারত্ব অভিশাপ থেকে কিছুটা
নিষ্কৃতি পাওয়া সম্ভব। দক্ষ কর্মী তৈরীর
স্বার্থে সরকারী ও বেসরকারী উদ্যোগে
দেশে বহু কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান গড়
তোলার ব্যবস্থা গ্রহণের জন্যে তিনি
সরকারের প্রতি আহ্বান জানান।